গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০৩৩.২৬. ৯৪৯

তারিখ: ২২ আষাঢ় ১৪৩৩ / ০৬ জুলাই ২০২৬

বিষয়: জনাব মোঃ রাশেদুল হক, হিসাব সহকারী, জেলা সমাজসেবা কার্যালয়, রংপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় মামলা দায়ের (মামলা নম্বর ০৭/২০২৬ তারিখ ০৬/০৭/২০২৬)।

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মোঃ রাশেদুল হক, হিসাব সহকারী, জেলা সমাজসেবা কার্যালয়, রংপুর (প্রাক্তন কর্মস্থল: জেলা সমাজসেবা কার্যালয়, রাজশাহী সংযুক্ত উপজেলা সমাজসেবা কার্যালয়, বাঘা, রাজশাহী) এর বিরুদ্ধে বিভিন্ন অনিয়মের অভিযোগ উপজেলা সমাজসেবা অফিসার, বাঘা, রাজশাহী কর্তৃক পরিচালক (যুগ্মসচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী বরাবর আনয়ন করা হয়। আনীত অভিযোগসমূহ তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহীর ০৭/০৪/২০২৬ তারিখ ৪১.২৬.৫০০০.০০০.০০০.২৭.০০০১.২৫.২৩৩ সংখ্যক স্মারক মূলে তত্ত্বাবধায়ক (সহকারী পরিচালক), পি.এইচ.টি সেন্টার, রাজশাহীকে আহ্বায়ক করে ০৩(তিন) সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়। গঠিত তদন্ত কমিটি ১৫/০৪/২০২৬ তারিখ ৪১.০১.৮১০০.০০০.০১৫.২৭.০০০১.২৫.৪১ সংখ্যক স্মারক মূলে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, তদন্তে আপনার বিরুদ্ধে অনিয়মিতভাবে অফিস করা, নিয়ন্ত্রণকারী কর্মকর্তার বিনানুমতিতে নির্ধারিত সময়ের পূর্বেই অফিস ত্যাগ করা, বিভিন্ন সময়ে সেবা গ্রহীতাদের নিকট হতে সেবা প্রদানের প্রলোভন দেখিয়ে অর্থ দাবি করা, প্রায়শই আপনার কক্ষে মহিলাদের অবস্থান লক্ষ করা যায় মর্মে আনীত অভিযোগের সত্যতা পাওয়া যায়;

যেহেতু, পরিচালক (যুগ্মসচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী এর নিকট হতে ২৩/০৪/২০২৬ তারিখ ৪১.২৬. ৫০০০.০০০.০০০.২৭.০০০১.২৫.২৬৭ সংখ্যক স্মারক মূলে আপনাকে বিভাগের বাহিরে বদলীসহ প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন;

যেহেতু, আপনার উল্লিখিত অভিযোগসমূহ সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ এর ৩(১), ৪(১), ৫(১) ও ৬(১) মোতাবেক এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর আওতাভূক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনি জনাব মোঃ রাশেদুল হক কে সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ এর ৩(১), ৪(১), ৫(১) ও ৬(১) মোতাবেক এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার সংশ্লিষ্ট বিধি মোতাবেক কেন আপনাকে উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তার জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে এ বিষয়ে শুনানিতে আগ্রহী কিনা এবং আত্মপক্ষ সমর্থনে কোন সাক্ষ্য-প্রমাণাদি উপস্থাপন করতে চান কিনা তাও আপনার জবাবে উল্লেখ করবেন। অত্র অভিযোগনামার সাথে অভিযোগ বিবরণীও সংযুক্ত করা হলো।

সংযুক্ত: অভিযোগ বিবরণী-০১ পাতা।

০৫/০৭/২৬

(মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)
☎ ০২-৫৫০০৭০২২
ইমেইল: director-admin@dss.gov.bd

জনাব মোঃ রাশেদুল হক
হিসাব সহকারী
জেলা সমাজসেবা কার্যালয়, রংপুর।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০৩৩.২৬. ৯৪১(১৫)

তারিখ: ২২ আষাঢ় ১৪৩৩ / ০৫ জুলাই ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক (কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী/রংপুর।
৪. উপপরিচালক (বাজেট ও অর্থ), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রাজশাহী/রংপুর।
৬. সহকারী পরিচালক (প্রশাসন-২/অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোসহ)।
৮. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, রাজশাহী/রংপুর।
৯. উপজেলা সমাজসেবা অফিসার, বাঘা, রাজশাহী।

০৫/০৭/২৬

(মোঃ রবিউল করিম)
উপপরিচালক (প্রশাসন)
ফোন: ০২৫৫০০৭৩৭০

অভিযোগ বিবরণী

জনাব মোঃ রাশেদুল হক, হিসাব সহকারী, জেলা সমাজসেবা কার্যালয়, রংপুর (প্রাক্তন কর্মস্থল: জেলা সমাজসেবা কার্যালয়, রাজশাহী সংযুক্ত উপজেলা সমাজসেবা কার্যালয়, বাঘা, রাজশাহী) এর বিরুদ্ধে অনিয়মিতভাবে অফিস করা, নিয়ন্ত্রণকারী কর্মকর্তার বিনানুমতিতে নির্ধারিত সময়ের পূর্বেই অফিস ত্যাগ করা, বিভিন্ন সময়ে সেবা গ্রহীতাদের নিকট হতে সেবা প্রদানের প্রলোভন দেখিয়ে অর্থ দাবি করা, প্রায়শই তার কক্ষে মহিলাদের অবস্থান লক্ষ করা যায় মর্মে আনীত অভিযোগের সত্যতা পাওয়া যায়।

তার উল্লিখিত অভিযোগসমূহ সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ এর ৩(১), ৪(১), ৫(১) ও ৬(১) মোতাবেক এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর আওতাভূক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ।

০৫/০৭/২৬

**(মোঃ সাইফুল ইসলাম)**
**উপসচিব**
পরিচালক (প্রশাসন ও অর্থ)